

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৮ কার্তিক, ১৪২২ মোতাবেক ১২ নভেম্বর, ২০১৫

নিম্নলিখিত বিলটি ২৮ কার্তিক, ১৪২২ মোতাবেক ১২ নভেম্বর, ২০১৫ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ৩২/২০১৫

জগগণের মৌলিক অধিকার বলবৎকরণের লক্ষ্যে সংবিধানের ৪৪(২) অনুচ্ছেদের  
আলোকে জেলা জজ আদালতের এখতিয়ার নির্ধারণকল্পে আনীত বিল

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪৪ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুযায়ী  
জগগণের মৌলিক অধিকার বলবৎকরণের জন্য জেলা জজ আদালতের এখতিয়ার নির্ধারণ করা  
সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন জেলা জজ আদালত মৌলিক অধিকার  
বলবৎকরণ (এখতিয়ার) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই  
আইনে—

(ক) “জেলা জজ আদালত” অর্থ Civil Courts Act, 1887 (Act XII of 1887)-এর  
section-3 তে বর্ণিত The Court of District Judge;

( ৮৮৬১ )

মূল্য : টাকা ৪.০০

(খ) “সংবিধান” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান;

(গ) “সুপ্রীম কোর্ট” অর্থ সংবিধানের অনুচ্ছেদ ৯৪ এর অধীন গঠিত বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

৩। আইনের প্রাধান্য।—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর হইবে।

৪। জেলা জজ আদালতের মৌলিক অধিকার বলবৎকরণ এখতিয়ার।—সংবিধানের ২য় ভাগে বর্ণিত মৌলিক অধিকারসমূহ বলবৎকরণের জন্য জেলা জজ আদালত ইহার এখতিয়ারের স্থানীয় সীমার মধ্যে কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে প্রজাতন্ত্রের বিষয়াবলীর সহিত সম্পর্কিত কোন দায়িত্ব পালনকারী ব্যক্তিসহ যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে সংবিধানের ১০২ অনুচ্ছেদে প্রদত্ত হাইকোর্ট বিভাগের অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিয়া উপযুক্ত নির্দেশাবলী বা আদেশাবলী প্রদান করিবে।

৫। আপীল।—এই আইনের অধীন জেলা জজ আদালত কর্তৃক প্রদত্ত যে কোন আদেশ বা নির্দেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আপীল করা যাইবে।

৬। বিধি প্রণয়নের ক্ষমতা।—সুপ্রীম কোর্ট, রাষ্ট্রপতির অনুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

### উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সংবিধানের ৪৪ অনুচ্ছেদের (২) দফার আলোকে জনগণের মৌলিক অধিকার সমুল্লত রাখার নিমিত্ত হাইকোর্টের অনুরূপ জেলাধীন জেলা জজ আদালত নিজ এখতিয়ারাধীন স্থানীয় সীমার মধ্যে উক্তরূপ ক্ষমতা প্রয়োগ করিবার বিধান করিবার লক্ষ্যে এই বিলে প্রস্তাব করা হইয়াছে। প্রস্তাবিত বিলটি সংসদ কর্তৃক গৃহীত হইলে দেশের প্রত্যন্ত অঞ্চলের নিরীহ জনসাধারণের মৌলিক অধিকার নিশ্চিত করা সম্ভব হইবে। ইহাতে হয়রানি কমিবে ও সাধারণ মানুষ ন্যায্যবিচার পাইবে।

মোঃ রুস্তম আলী ফরাজী  
সংসদ সদস্য  
১২৯, পিরোজপুর-৩।

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।